



ভারতের প্রভাবেই পাকিস্তানের সঙ্গে সংঘাতে জড়িয়েছে কাবুল: খাজা আসিফ



সংগৃহীত ছবি

পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খাজা আসিফ অভিযোগ করেছেন, আফগানিস্তান এখন ভারতের প্রক্সি হিসেবে কাজ করছে এবং ইসলামাবাদের সঙ্গে সংঘাতে জড়িয়েছে। জিও নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, কাবুলকে দিল্লি থেকে অর্থায়ন করা হচ্ছে। আফগানিস্তান সংঘাত বাড়াতে চাইলে পাকিস্তানও পাল্টা জবাব দিতে প্রস্তুত।

পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খাজা আসিফ বলেছেন, নয়াদিল্লির ইঙ্গিতেই ইসলামাবাদের সঙ্গে সংঘাতে জড়িয়েছে কাবুল। তিনি দাবি করেন, আফগান সরকার এখন ভারতের প্রক্সি গ্রুপে পরিণত হয়েছে এবং তাদের অর্থায়নও আসে দিল্লি থেকে। জিও নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে আসিফ জানান, এই পরিস্থিতিতে আফগানিস্তানের সঙ্গে ঘোষিত ৪৮ ঘণ্টার যুদ্ধবিরতির কার্যকারিতা নিয়ে সন্দেহ রয়েছে।

খাজা আসিফ আরও বলেন, পাকিস্তান গঠনমূলক সংলাপের পক্ষে থাকলেও, যুদ্ধবিরতি লঙ্ঘন বা নিজেদের ভূখণ্ডে হামলা সহ্য করা হবে না। প্রয়োজনে পাল্টা জবাব দেওয়ার জন্য পাকিস্তান সম্পূর্ণ প্রস্তুত রয়েছে।

এর আগে, গত শনিবার সীমান্ত এলাকায় দুই দেশের মধ্যে পাল্টাপাল্টা সংঘর্ষ শুরু হয়, যা রোববার সকাল পর্যন্ত চলে। পরে বুধবারও নতুন করে বড় ধরনের সহিংসতা দেখা দেয়। এতে এখন পর্যন্ত ৫৮ জন পাক সেনা নিহত হয়েছে বলে দাবি করেছে কাবুল, অন্যদিকে ইসলামাবাদ দাবি করেছে ২০০'রও বেশি তালেবান যোদ্ধা নিহত হয়েছে।